[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

শৈলকুপার গাড়াগঞ্জে নতুন উপজেলা ও পৌরসভা ঘোষণার দাবিতে মানববন্ধন

ঝিনাইদহের শৈলকূপা উপজেলার গাড়াগঞ্জ বাজারে নতুন উপজেলা ও পৌরসভা ঘোষণা’র দাবিতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। বৃহস্পতিবার (১৬ জুলাই) সকালে গাড়াগঞ্জ বাজার বাসস্ট্যান্ডে এ কর্মসুচির আয়োজন করে স্থানীয়রা।

সে সময় ব্যানার ফেস্টুন নিয়ে শৈলকূপা উপজেলার ১, ২, ৩, ১২, ১৩ ও ১৪নংসহ মোট ৬টি ইউনিয়নের কয়েক’শ মানুষ অংশ নেয়। এ সময় বক্তব্য রাখেন, ঝিনাইদহ জেলা বিএনপির যুগ্ম সম্পাদক সাজ্জাদুর রহমান, শৈলকুপা উপজেলা বিএনপির সহ সভাপতি কেরামত আলী, সাংগাঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান তৃর্কি, উপজেলা যুবদলের আহবায়ক রবিউল ইসলাম, উপজেলা কৃষক দলের আহবায়ক আমিরুল ইসলাম, সাংবাদিক সাদ্দাম হোসেন, সাবেক চেয়ারম্যান জাফর হোসেন মোল্যা, আসাদুজ্জামান সহ আরো অনেকে।

মানববন্ধন থেকে বক্তারা বলেন, ত্রিবেণী, দিগনগর, উমেদপুর, দুধসর, ফুলহরি ও মির্জাপুর ইউনিয়ন নিয়ে গাড়াগঞ্জ বাজারে পৃথক উপজেলা ও পৌরসভা গঠন করলে এ অঞ্চলের মানুষের প্রশাসনিক ও নাগরিক সেবা সহজ হবে। তাই স্থানীয় সরকার, জনপ্রশাসন, সংস্থাপন, আইন, ভূমি ও স্বরাষ্ট্র মন্ত্রনালয়সহ সংশ্লিষ্ট বিভাগের প্রতি দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে গাড়াগঞ্জকে উপজেলা ও পৌরসভা হিসেবে ঘোষণা করার দাবি জানান তারা।

ঝিনাইদহ পৌর এলাকায় জলাবদ্ধতা

নিরসনে ৪৮ ঘন্টার আল্টিমেটাম

শহরের জলাবদ্ধতা নিরসনে মানববন্ধন করেছে ঝিনাইদহ পৌরসভার বাসিন্দারা। রবিবার (১২ জুলাই) বিকাল ৪টায় শহরের পাগলাকানাই মোড়ে ঝিনাইদহ উন্নয়ন সংগ্রাম কমিটির ব্যানারে জলাবদ্ধ এলাকার বাসিন্দারা মানববন্ধন করেন।

তারা মানবববন্ধন থেকে ঝিনাইদহ পৌরসভাকে ৪৮ ঘন্টার আল্টিমেটাম দেন। মানববন্ধনে বক্তারা বলেন, একদিনের বৃষ্টিতেই জলাবদ্ধ হয়ে পড়েছে ঝিনাইদহ পৌরসভার বেপারিপাড়া, পাগলাকানাই মোড়, উপশহরপাড়া, কাঠালবাগান, কাঞ্চনপুর, মোল্লাপাড়াসহ বিস্তৃর্ণ এলাকা।

দুর্বল ড্রেনেজ ব্যবস্থা, দীর্ঘদিন সংস্কার না করা ও যত্রতত্র অপরিকল্পিত প্লান পাসের মাধ্যমে অপরিকল্পিত নগর তৈরি এবং এই এলাকার পানি নিষ্কাসনের একমাত্র ডিঙ্গেমারা খালের দখলের কারণে এই অঞ্চলে প্রতিবছর বর্ষা মৌসুমে জলাবদ্ধতা তৈরি হচ্ছে। গতবছরও পৌরসভা কর্তৃপক্ষকে এলাকার বাসিন্দারা অভিযোগ জানালেও তারা কোন সুব্যবস্থা গ্রহণ করেনি।

তারা বলেন, শুক্রবার রাতে একদিনের বৃষ্টিতেই মানুষের ঘরের মধ্যে পানি ঢুকে পড়েছে। ড্রেনের ময়লা পানি বৃষ্টির পানির সাথে মিশে বিস্তর এলাকাজুড়ে দুর্গন্ধ ছড়িয়ে পড়েছে। এই এলাকার বাসিন্দারা পানি বাহিত রোগ ও নোংড়া পানির কারণে জনস্বাস্থ্য নিয়ে আশঙ্কার মধ্যে রয়েছে। কিন্তু পৌরসভা কর্তৃপক্ষ কোন খোঁজখবর নেয়নি।

তারা বলেন, আমরা প্রতিবছর পৌরসভাকে হোল্ডিং ট্যাক্স সহ বিভিন্ন কর দিচ্ছি পৌরসভাকে কিন্তু পৌরসভা আমাদের উন্নয়নে কোন পদক্ষেপ নিচ্ছে না। ৪৮ ঘন্টার মধ্যে জলাবদ্ধতা নিরসনে স্থায়ী পদক্ষেপ না নিলে তারা পৌরসভা ঘেরাও করার ঘোষণা দেন মানববন্ধন থেকে।

মানববন্ধনে বক্তব্য রাখেন, ঝিনাইদহ উন্নয়ন সংগ্রাম সমন্বয় কমিটির সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার আবুল বাশার, সহসভাপতি ফকরুদ্দিন মুন্না, আনোয়ার হোসেন, এলাকার বাসিন্দা জিয়া উদ্দিন, ইনজামামুল হক, আসাদুজ্জামান, রইচ উদ্দিন।

এছাড়াও এই কর্মসূচিতে ভুক্তভোগী এলাকার বিভিন্ন শ্রেণি পেশার মানুষ অংশগ্রহণ করেন।

কোটচাঁদপুরে সহকারী স্টেশন মাস্টারের ওপর হামলার প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহের কোটচাঁদপুর রেলস্টেশনের সহকারী স্টেশন মাস্টার মনিদেব দাসের ওপর হামলার প্রতিবাদে মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার কোটচাঁদপুর রেলস্টেশন প্রাঙ্গণে বাংলাদেশ রেলওয়ে স্টেশন মাস্টার ও কর্মচারী ইউনিয়নের উদ্যোগে এ কর্মসূচি পালন করা হয়।

মানববন্ধনে রেলওয়ের বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারীরা অংশ নেন। তারা হামলার তীব্র নিন্দা জানিয়ে ঘটনার সঙ্গে জড়িতদের দ্রুত গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

প্রতিবাদ সভায় বাংলাদেশ রেলওয়ে স্টেশন মাস্টার ও কর্মচারী ইউনিয়নের কেন্দ্রীয় সভাপতি মির্জা কামরুল হকের সভাপতিত্বে বক্তব্য দেন ইউনিয়নের সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন সাদাতসহ অন্যান্য নেতারা।

বক্তারা বলেন, দায়িত্ব পালনরত একজন রেল কর্মকর্তার ওপর প্রকাশ্যে হামলার ঘটনা অত্যন্ত নিন্দনীয় ও উদ্বেগজনক। এটি শুধু একজন কর্মকর্তার ওপর হামলা নয়, বরং রেলওয়ের নিরাপত্তা ও সেবাব্যবস্থার ওপরও আঘাত। তারা অবিলম্বে হামলাকারীদের শনাক্ত করে আইনের আওতায় এনে কঠোর শাস্তি নিশ্চিত করার দাবি জানান।

প্রতিবাদ সভা থেকে ৪৮ ঘণ্টার আল্টিমেটাম ঘোষণা করা হয়। নেতারা বলেন, নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্তদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণ না করা হলে বাংলাদেশ রেলওয়ে স্টেশন মাস্টার ও কর্মচারী ইউনিয়নের পক্ষ থেকে সারাদেশে রেলপথ অবরোধ ও কর্মবিরতি কর্মসূচি ঘোষণা করা হবে।

এ সময় বক্তারা রেল কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তা নিশ্চিত করতে

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জরুরি হস্তক্ষেপ কামনা করেন এবং ভবিষ্যতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান।

কোটচাঁদপুর রেলওয়ে স্টেশনে প্রভাতী ট্রেনের দাবিতে মানববন্ধন

ঝিনাইদহের কোটচাঁদপুরে রেল যোগাযোগের উন্নয়ন ও যাত্রীসেবার মানোন্নয়নের দাবিতে মানববন্ধন ও স্মারকলিপি প্রদান কর্মসূচি পালন করেছে কোটচাঁদপুর রেল যোগাযোগ উন্নয়ন সংগ্রাম কমিটি।

সোমবার আয়োজিত এ কর্মসূচিতে সংগঠনের সভাপতি শরিফুজ্জামান আগা খানের সভাপতিত্বে এবং সদস্যসচিব মনিরুজ্জামানের সঞ্চালনায় বক্তব্য রাখেন সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান ও জামায়াতে ইসলামের নায়েবে আমীর মোয়াবিয়া হুসাইন, সাবেক মেয়র ও পৌর বিএনপির সভাপতি সালাউদ্দিন বুলবুল সিডল এবং পৌর মেয়র প্রার্থী শরিফুল ইসলাম।

এ সময় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ, সাংবাদিক, সুধীজন ও স্থানীয় বাসিন্দারা মানববন্ধনে অংশ নেন।

বক্তারা কোটচাঁদপুর রেলওয়ে স্টেশনে প্রভাতী ট্রেনের যাত্রাবিরতি চালু, ডাবল রেললাইন নির্মাণ, দ্বিতীয় প্ল্যাটফর্মে যাত্রী ছাউনি নির্মাণ, সাগরদাঁড়ি এক্সপ্রেস পুনরায় চালু এবং দ্বিতীয় ট্রেন সার্ভিস চালুর দাবি জানান।

তারা বলেন, দীর্ঘদিন ধরে কোটচাঁদপুরবাসী উন্নত রেলসেবার দাবি জানিয়ে আসছেন। এসব দাবি বাস্তবায়িত হলে এ অঞ্চলের মানুষের যাতায়াত আরও সহজ হবে, ব্যবসা-বাণিজ্য ও অর্থনৈতিক কর্মকাণ্ডে গতি আসবে এবং স্থানীয় উন্নয়নে ইতিবাচক প্রভাব পড়বে।

মানববন্ধন শেষে নেতৃবৃন্দ উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে রেলপথ মন্ত্রণালয়ের উপদেষ্টা ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে

দাবিসংবলিত একটি স্মারকলিপি প্রদান করেন।

ঝিনাইদহে ছয় লেন সড়ক নির্মাণে অধিগ্রহণকৃত জমির ন্যায্য মূল্য’র দাবিতে মানববন্ধন

ঝিনাইদহ যশোর মহাসড়ক ছয় লেনে উন্নীতকরণ প্রকল্পে অধিগ্রহণকৃত জমির ন্যায্য মূল্য নিশ্চিতের দাবীতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

বৃহস্পতিবার (২৫জুন) সকালে ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বিষয়খালী এলাকার ভুক্তভোগীরা এই কর্মসূচির আয়োজন করে। এতে ব্যানার ফেস্টুন নিয়ে ওই এলাকার ক্ষতিগ্রস্ত জমির মালিকরা অংশ নেয়।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে ভুক্তভোগী ডা.মিজানুর, জিয়া, বিল্লাল, হাবিব, মুসা, চানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা অভিযোগ করেন, ঝিনাইদহ যশোর মহাসড়ক ছয়লেনে উন্নীতকরণ প্রকল্পে বিষয়খালী এলাকায় যে জমি অধিগ্রহণ করা হয়েছে তার সঠিক মুল্যে দেওয়া হচ্ছে না। জমির দাম ৪ লাখ টাকা শতক হলেও সেই জমির দাম দেওয়া হচ্ছে ৩ হাজার টাকা।

এমনভাবে ওই এলাকার ২ শতাধিক জমির মালিক ন্যায্য মূল্য থেকে বঞ্চিত হচ্ছে। তাই জমির সঠিক মুল্যে দেওয়ার দাবী জানান বক্তারা।

বাজেট বরাদ্দের দাবীতে

ঝিনাইদহে আইনজীবীদের মানববন্ধন

বিচার বিভাগ ও আইনজীবীদের উন্নয়ন ও কল্যান ফান্ডে বাজেট বরাদ্দের দাবীতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। মঙ্গলবার (২৩জুন) সকালে ঝিনাইদহ আদালত চত্বরে এ কর্মসূচির আয়োজন করে জেলা আইনজীবী সমিতি। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সমিতির নেতৃবৃন্ধসহ আইনজীবীরা অংশ নেয়।

সেসময় জেলা আইনজীবী সমিতির সভাপতি কাজী একরামুল হক আলম, সাধারণ সম্পাদক শফিউল আলম, সাবেক সভাপতি ও পিপি অ্যাডভোকেট এস এম মশিয়ুর রহমানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, বর্তমানে আইনজীবীদের কল্যাণ খাতে যে বরাদ্দ তা একেবারেই অপ্রতুল। একজন আইনজীবী মারা গেলে বার কাউন্সিল থেকে মাত্র ১০ লাখ টাকা সহায়তা দেওয়া হলেও ৩০-৪০ বছর আইনসেবা প্রদানকারী আইনজীবীদের জীবদ্দশায় পর্যাপ্ত আর্থিক সুবিধা নেই। তাই আইনজীবীদের কল্যাণে বাজেট বরাদ্দ বৃদ্ধি ও জীবদ্দশায় অধিক আর্থিক সহায়তার দাবি জানান তারা।

গাইবান্ধাসহ সারাদেশে মন্দির

গুড়িয়ে দেওয়ার হুমকির

প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন

গাইবান্ধার পলাশবাড়িতে শ্রী রামচন্দ্রকে অবমাননা ও মন্দির গুড়িয়ে দেওয়ার হুমকির প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

শনিবার (২০জুন) সকালে শহরের কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে এ কর্মসূচীর আয়োজন করে বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ ও হিন্দু

বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনের নেতৃবৃন্দ ছাড়াও নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। জেলা পূজা উদযাপন পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি কানন কুমার দাসের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক বিনয় কৃষ্ণ বিশ্বাসের সঞ্চালনায় কর্মসূচীতে বক্তব্য রাখেন জেলা হিন্দু বৌদ্ধ ঐক্য পরিষদের আহ্বায়ক চন্দন বসু মুক্ত, সদস্য সচিব অরুণ কুমার ঘোষ, যুগ্ম আহ্বায়ক প্রসেনজিৎ ঘোষ শিপন, পৌর পূজা উদযাপন পরিষদের সভাপতি সাধন সরকার, ছাত্র ঐক্য পরিষদের সভাপতি বিনয় কুমার বিশ্বাসসহ অন্যান্যরা।

কর্মসূচিতে বক্তারা, গাইবান্ধার পলাশবাড়ী এলাকায় সংঘটিত ঘটনার নিন্দা জানিয়ে দোষীদের বিরুদ্ধে দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানান এবং সারাদেশে মন্দির গুড়িয়ে দেওয়া হুমকীদাতাদের চিহ্নিত করে দ্রুত আইনের আওতায় আনার দাবি জানান।

ঝিনাইদহে মেডিকেল কলেজ স্থাপনের দাবীতে মানববন্ধন

ঝিনাইদহ জেলা শহরে রেল লাইন ও মেডিকেল কলেজ স্থাপনের দাবীতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

শনিবার (২০ জুন) সকালে শহরের পায়রা চত্বরে জেলা রেল লাইন, মেডিকেল কলেজ বাস্তবায়ন কমিটি এ কর্মসূচির আয়োজন করে।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতৃবৃন্দ ছাড়াও নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচিতে সংগঠনের সভাপতি এন এম শাহজালাল, সাধারণ সম্পাদক কামরুজ্জামান পিন্টু, পরিবেশবিদ খন্দকার গিয়াস উদ্দিন, বাসদ নেতা এ্যাড আসাদুজ্জামান, ছাত্রফ্রন্টের নেতা শারমিন সুলাতানাসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, ভৌগোলিক ও অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ হওয়া সত্ত্বেও ঝিনাইদহ শহর দীর্ঘদিন ধরে রেল যোগাযোগ ও উন্নত

চিকিৎসা সেবা থেকে বঞ্চিত। মেডিকেল কলেজ স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হলেও তা শহর থেকে ১৫ কিলোমিটার দূরে শৈলকুপা উপজেলায় করা হচ্ছে।

তাই জেলা শহরে মেডিকেল কলেজ ও রেল লাইন স্থাপনের দাবী জানান বক্তারা, অবিলম্বে এই ন্যায্য দাবি পূরণ করা না হলে আগামীতে আরও কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন তারা।

ঝিনাইদহে বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস উপলক্ষে মানববন্ধন

বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস-২০২৬ উপলক্ষে ঝিনাইদহে মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

“বর্জ্য ব্যবস্থাপনায় শিশুশ্রমকে লাল কার্ড” প্রতিপাদ্যকে সামনে রেখে রবিবার সকাল ১০টায় শহরের পায়রা চত্বরে এ কর্মসূচির আয়োজন করে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এর অনুপ্রেরণায় গঠিত সচেতন নাগরিক কমিটি (সনাক), ঝিনাইদহ।

কর্মসূচিতে সনাক, অ্যাকটিভ সিটিজেন গ্রুপ (এসিজি), ইয়েস গ্রুপের সদস্যদের পাশাপাশি বিভিন্ন শ্রেণি-পেশার সাধারণ মানুষ অংশগ্রহণ করেন। মানববন্ধন শেষে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন সনাক ঝিনাইদহের সভাপতি এন. এম. শাহজালাল।

অনুষ্ঠান সঞ্চালনা করেন ইয়েস দলনেতা শাহিন আলম এবং স্বাগত বক্তব্য দেন সনাকের সহ-সভাপতি নাসরিন ইসলাম।
অনুষ্ঠানে টিআইবির প্রণীত ধারণাপত্র উপস্থাপন করেন সনাক সদস্য সুরাইয়া পারভীন মলি।

তিনি বর্জ্য সংগ্রহ ও পুনঃপ্রক্রিয়াজাতকরণ খাতে শিশুশ্রমের ক্ষতিকর প্রভাব তুলে ধরেন এবং এ সমস্যা নিরসনে টিআইবির বিভিন্ন সুপারিশ বাস্তবায়নের দাবি জানান।